মেহেরপুরে ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষে আলোচনা সভা

মেহেরপুরে ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২২ উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

আজ সোমবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজিত হয়।

মেহেরপুর জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি বক্তব্য রাখেন, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা পুলিশ সুপার মোঃ রাফিউল আলম।

মেহেরপুর জেলা প্রশাসক আয়োজিত আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মোজাহিদুল ইসলাম, মেহেরপুরে সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন,জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন আঃ মালেক, নির্বাহী ম্যাজিষ্ট্রেট মাহমুদুল হাসান, উপজেলা কৃষি অফিসার নাসরিন সুলতানা, শহীদ সাদেক হোসেন বাবলু প্রমুখ।

পরে ঐতিহাসিক ৭ই মার্চ দিবস উপলক্ষে অনুষ্ঠিত রচনা প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

আলমডাঙ্গায় নেতাকর্মীদের সাথে এমপির মতবিনিময় সভা

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামী লীগের সভাপতি ও বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন আলমডাঙ্গায় নেতা কর্মীদের সাথে মতবিনিময় সভা করেছেন।

রবিবার সকাল ১১ টার দিকে আলমডাঙ্গায় আওয়ামীলীগের দলীয় কার্যালয়ে নেতাকর্মীদের সাথে তিনি মতবিনিময় সভা করেন।

মতবিনিময় সভা এমপি সেলুন জোয়াদ্দার বলেন, আজ আমরা স্বাধীন স্বার্বভৌমত্বে বসবাস করছি। স্বাধীন দেশের পতাকা তলে আজ দেশনেত্রী শেখ হাসিনা উন্নয়নের জোয়ার তুলেছে। মুজিবর্ষে শেষ হতে চলেছে দেশের বড় বড় মেগা প্রকল্পের কাজ।

তিনি আরো বলেন, মুক্তিযুদ্ধ এবং মার্চ মাস অঙ্গাঙ্গী ভাবে জড়িত। বিশেষ করে ৭ই মার্চ বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান স্বাধীনতার ডাক দিলে আমরা তার ডাকে সাড়া দিয়ে মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ি। অংশ গ্রহণ করি মুক্তিযুদ্ধে। তিনি নেতাকর্মীদের উদ্দেশ্যে বলেন, সকল নেতাকর্মীরা বঙ্গবন্ধুর আদর্শ বুকে ধারণ করতে হবে।

তাহলেই দেশের প্রতি মানুষের প্রতি দরদ আসবে। মানুষের কল্যাণে কাজ করা যাবে। সকল নেতা কর্মীরা ঐক্যবদ্ধ ভাবে ৭ই মার্চ, ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্মদিন ও ২৫ মার্চ গণহত্যা দিবস ও ২৬ মার্চ স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী পালন করতে বলেন।

মতবিনিময়কালে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান, উপজেলা আওয়ামী লীগের সভাপতি পৌর মেয়র হাসান কাদির গনু, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার, উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, সহ-সভাপতি হামিদুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি দেলোয়ার হোসেন, সাধারন সম্পাদক মতিয়ার রহমান ফারুক, উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহম্মেদ ডন, জেলা পরিষদ সদস্য আবু মুছা, উপজেলা আওয়ামীলীগের উপ-প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, কৃষি বিষয়ক সম্পাদক আব্দুল মালেক, বীর মুক্তিযোদ্ধা দিদার আলী, সাবেক ইউপি চেয়ারম্যান নুরুল ইসলাম, পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক সাইফুর রহমান পিন্টু, দপ্তর সম্পাদক মাসুদ সালেহীন উৎপল, জেলা পরিষদ সদস্য মিজানুর রহমান, কালিদাসপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি জয়নাল আবেদীন, ডাউকি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি নুরুল ইসলাম দিপু, সাধারণ সম্পাদক ও চেয়ারম্যান তরিকুল ইসলাম, কুমারী ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি চেয়ারম্যান আবু সাঈদ পিন্টু,ওলিউল্লা, বেল্টু, টুটুল, জাহাঙ্গীর হোসেন, পলাশ আচার্জ, সাধু খাঁ, সাবেক ছাত্রলীগ নেতা সোহেল রানা শাহীন, সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল হক, ছাত্রলীগ নেতা হাসান,

বাদশা, টিটন, রকি, সৈকত, তামিম প্রমূখ।

দ্রব্য মূল্যের উর্ধ্বগতির প্রতিবাদে মেহেরপুর জেলা ছাত্রদলের বিক্ষোভ সমাবেশ

সারাদেশব্যপী সয়াবিন তেল, গ্যাস, চাল, ডালসহ প্রয়োজনীয় সকল ধরনের দ্রব্যমূল্যের উর্ধ্বগতির প্রতিবাদে কেন্দ্রীয় কামটির নির্দেশনায় মেহেরপুর জেলা ছাত্রদলের আয়োজনে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকেলে মেহেরপুর জেলা বিএনপি কার্যালয়ের সামনে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় ছাত্রদলের যুগ্ম সম্পাদক তানজিল হাসান। এ

সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আপনারা সকলেই দেখছেন ঢাকা সহ সারাদেশের মানুষ ভ্রাম্যমাণ ট্রাকের পিছনে দীর্ঘ সারি ধরে দাঁড়িয়ে আছে শুধুমাত্র ২ লিটার বা ৩ লিটার তেলের জন্য। সত্যি কথা বলতে আমরা আজ বাংলাদেশের চারিদিকে দুর্ভিক্ষের পদধ্বনি শুনতে পাচ্ছি।

আজকের এই দ্রব্যমূল্যের উর্ধ্বগতির একটাই কারণ হিসেবে আমরা বলতে পারি এই অবৈধ সরকারকে টিকিয়ে রাখা, লালন পালন করে রাখা। বাংলাদেশের পুলিশ প্রশাসনকে টিকিয়ে রাখার জন্য এই পুলিশ প্রশাসনের বিলাসী জীবন যাপন করানোর জন্য জনগণের উপর অবৈধ টেক্স ও দ্রব্যমূল্যের দাম বৃদ্ধি করে দিয়েছে।

সদর থানা ছাত্রদলের সদস্য রাশেদুল ইসলাম রাজন এর সঞ্চালনায় জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানী, জেলা ছাত্রদলের সহ সাধারণ সম্পাদক ফরিদুল ইসলাম ও জেলা ছাত্রদলের সহ সাংগঠনিক সম্পাদক লিটন উদ্দীন উপস্থিত থেকে বক্তব্য রাখেন।

মেহেরপুর জেলা ছাত্রদল আয়োজিত অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে

মুজিবনগর উপজেলা বিএনপি নেতা সিরাজুল ইসলাম, জেলা যুবদল সদস্য মনিরুল ইসলাম মনি, যুবদল নেতা রবি, মেহেরপুর পৌর ছাত্রদলের নেতা বিল্লাল হোসেন, উজ্জল হোসেন, লিটন, ফুরতি, সাব্বির হোসেন, আবের, মুজিবনগর উপজেলা ছাত্রদলের নেতা ইয়াসিন আলী, বাছিম উদ্দীন, জেলা নবীন দলের দপ্তর সম্পাদক সোহাগ আলী, সাকিব, হাসানুর, নাদিমসহ জেলা ছাত্রদলের অন্যান্য নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

এর আগে মেহেরপুর জেলা বিএনপি ঈদগাঁ পাড়াস্থ কার্যালয় থেকে জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানীর নেতৃত্বে একটি মিছিল বের করা হয়।

ঝিনাইদহে চোরাই গরু সহ ৩ চোরকে আটক করেছে বারবাজার হাইওয়ে পুলিশ

ঝিনাইদহের চোরাই গরু বহন করা পিকআপ ভ্যান সহ তিন চোরকে আটক করেছে বারবাজার হাইওয়ে থানা পুলিশ ।

এ ব্যপারে বারবাজার হাইওয়ে থানার অফিসার ইনচার্জ (ওসি) মেজবাহ উদ্দীন জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারে ৬ মার্চ রবিবার সকাল ৮টার দিকে একটি পিকআপে করে চোরেরা গরু চুরি করে নিয়ে যাচ্ছে। এমন সংবাদের ভিত্তিতে বারবাজার ফুলবাড়ী (ঝিনাইদহ-যশোর মহাসড়ক) নামক স্থানে চেকপোস্ট বসিয়ে একটি চোরাই গাভী গরু ও ঢাকা মেট্রো-ন- ১৩-৫৮৫৭ নং একটি পিকআপসহ তিন চোরকে আটক করা হয়েছে।

আটককৃতরা হলেন, বাগেরহাট জেলার ফকিরহাট উপজেলার টাউন নওয়াপাড়া গ্রামের মৃত আনোয়ার শেখের ছেলে আল-আমিন শেখ (২৫), খুলনা তেরখাদা উপজেলার মধুপুর গ্রামের আসমত গাজীর ছেলে রাব্বী গাজী (২০) ও একই গ্রামের আব্দুল গফুর এর ছেলে রাবিব হোসেন (২১)।

তিনি আরো জানান, উর্দ্ধতন কর্তৃপক্ষকে জানিয়ে আইনগত ব্যবস্থা

গ্রহনে তিন চোর ও তাদের কাছ থেকে উদ্ধার করা ১টি গাভী গরু ঝিনাইদহের কালীগঞ্জ থানায় হস্তান্তর করা হয়েছে ও পিকআপ বারবাজার হাইওয়ে থানায় জব্দ আছে ।

দর্শনায় মোটর সাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে কেরু এ্যান্ড কোম্পানীর নিরাপত্তা কর্মী নিহত

চুয়াডাঙ্গার দর্শনায় মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে বিদুৎ পোলের সাথে ধাক্কা লেগে কেরু এন্ড কোম্পানি বাংলাদেশ লিমিটেডের নিরাপত্তা কর্মী আবু সিদ্দিক (৫০) এর মর্মান্তিক মৃত্যু হয়েছে।

শনিবার দিবাগত রাত দেড়টার দিকে দর্শনা থানা পুলিশ আহত আবু সিদ্দিককে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা শেষে তাকে মৃত ঘোষণা করেন। নিহত আবু সিদ্দিক চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা পৌর এলাকার শ্যামপুর গ্রামের মাঝেরপাড়ার মৃত দাউদ মণ্ডলের ছেলে। তিনি কেরু এন্ড কোম্পানি বাংলাদেশ লিমিটেডের নিরাপত্তা কর্মী হিসেবে কর্মরত ছিলেন।

স্থানীয়দের বরাত দিয়ে পুলিশ জানায়, রাত ১০টার দিকে দামুড়ুহুদার কুড়ুলগাছি যাওয়ার পথে দর্শনা পুরাতন বাজার এলাকায় পৌছালে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে একটি বৈদ্যুতিক খুটির সাথে ধাক্কা লাগে। এসময় তিনি মারাত্নকভাবে আহত হলে স্থানীয়রা তাকে দ্রুত উদ্ধার করে জাতীয় জরুরি সেবা ৯৯৯ এ কল দেই। পরে দর্শনা পুরাতন বাজার থেকে দর্শনা থানা পুলিশ তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা শেষে তাকে মৃত ঘোষণা করেন।

নিহত আবু সিদ্দীকের ছেলে আব্দুল্লাহ আল মামুন বলেন, আমার বাবা

রাত ১০ টার দিকে মোটরসাইকেলযোগে শ্যামপুর থেকে একই উপজেলার কুড়ুলগাছি যাচ্ছিল। আধাঘন্টা পর জানতে পারি আমার বাবা মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে একটি বৈদ্যুতিক খুটির সাথে ধাক্কা লেগে মারাত্নকভাবে আহত হয়েছেন। তিনাকে পুলিশ উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়েছে। হাসপাতালে নেয়ার আগেই আবার বাবা মারা গেছেন বলে জানতে পারি।

মৃত্যুর ঘটনাটি নিশ্চিত করেছেন দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এ এইচ এম লুৎফুল কবির।

গাংনীতে দুই মাদক সেবনকারীর কারাদন্ড

মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামে অভিযান চালিয়ে দুই মাদক সেবীকে তিন মাসের কারাদন্ড ও ১০০ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

আজ রবিবার বেলা ১১ টার সময় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও ভ্রাম্যমাণ আদালতের যৌথ অভিযানে দুই মাদকসেবীকে দন্ড প্রদান করেন নির্বাহী ম্যাজিষ্ট্রেট নাজমুল আলম।

দন্ডপ্রাপ্তরা হলো- ভাটপাড়া গ্রামের মৃত আখের আলীর ছেলে রিপন আলী(৩৭) ও নওয়াপাড়া গ্রামের আবু বক্করের ছেলে জিয়াউর রহমান ওরফে জিয়া(৪০)।

আদালত পরিচালনাকারি নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও গাংনী উপজেলার সহকারি কমিশনার (ভূমি) নাজমুল আলম জানান, ভাটপাড়া গ্রামের রিপন আলির বাড়ি থেকে আবু বকরের ছেলে জিয়াকে হেরোইন সেবনরত অবস্থায় ও মৃত আখের আলির ছেলে রিপন আলিকে গাঁজা সেবনরত অবস্থায় হাতেনাতে আটক করা হয়। এসময় তারা দোষ স্বীকার করে জবানবন্দি দিলে ও আর কখনও মাদক ছুয়েও না দেখার অংগিকার করলে আদালত তাদের প্রত্যেককে ৩ মাস করে বিনাশ্রম কারাদণ্ড ও ১০০ টাকা করে অর্থদণ্ড প্রদান করেন।

এ সময় জব্দকৃত ১০ গ্রাম গাজা ও ০.৫০ গ্রাম হেরোইন উপস্থিত জনসাধারণের সামনে ধ্বংস করা হয়। আদালত পরিচালনায় সার্বিক সহায়তা প্রদান করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয়ের পরিদর্শক মোঃ আব্দুল মান্নান ও অন্যান্য অফিসার বৃন্দ।

হরিনাকুন্ডুতে সাবেক চেয়ারম্যানের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল

ঝিনাইদহের হরিনাকুন্ডু উপজেলার ৩নং তাহেরহুদা ইউনিয়নের ধুলিয়া মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির নির্বাচনে মনোনয়ন ফর্ম ক্রয়ে সাবেক চেয়ারম্যান মুঞ্জুরুল আলম মনজের বর্তমান চেয়ারম্যান মুনজুর রাশেদের সাথে তর্কবিতর্কের সৃষ্টি হয়।

একপর্যায়ে ৩নং তাহেরহুদা ইউনিয়নের বর্তমান চেয়ারম্যান মঞ্জুর রাশেদকে ভাড়াটিয়া গুণ্ডাবাহিনী দিয়ে সাবেক চেয়ারম্যান বেধড়ক মারপিট করে উপজেলা গেটের সামনে।

স্থানীয় লোকজন তাকে সেখান থেকে উদ্ধার করে হরিণাকুণ্ড স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। হরিনাকুন্ডু থানা ইনচার্জ মোঃ আব্দুর রহিম মোল্লা বিষয়টা তদন্ত করবে বলে জানিয়েছেন। এ ঘটনায় বর্তমান চেয়ারম্যান মনজুর রাশেদ আজ তার ইউনিয়নের মানুষকে নিয়ে হরিনাকুন্ডু উপজেলা চত্তরে সাবেক চেয়ারম্যানের বিরুদ্ধে মানববন্ধন করেন।

এসময় উপস্থিত ছিলেন তাহেরহুদা ইউনিয়নের সকল মেম্বার ও ইউনিয়নের সকল শ্রেনীর জনগণ। বর্তমান চেয়ারম্যান মনজুর রাশেদ তার উপর হওয়া অতর্কিত হামলার তীব্র নিন্দা প্রকাশ করেন এবং যে সকল গুন্ডাবাহিনী তার উপর হামলা করেছে তার সুষ্ট বিচারের দাবি জানান। এ ধরনের অতর্কিত হামলা আর জানো কারোর ওপর না ঘটে।

তিনি আরো বলেন আমি হরিনাকুন্ডুর সন্তান, সামান্য একটা বিষয় নিয়ে সাবেক চেয়ারম্যান মঞ্জুরুল আলম মনজের তার ভাড়াটিয়া গুণ্ডাবাহিনী দিয়ে আমার উপর যে অমানুষিক নির্যাতন করেছে তার ফল তাকে ভোগ করতে হবে। আমি আমার ইউনিয়নের মানুষকে ভালোবাসি। সব সময় তাদের পাশে দাঁড়াতে চাই।

আমি আমার ইউনিয়নে আর কোন ঝামেলায় কাউকে পড়তে দেব না। আমি সবার পাশে আছি। আমি হরিণাকুন্ডু উপজেলা চেয়ারম্যান, পৌর মেয়র, হরিনাকুন্ডু থানা ইনচার্জ সকলের কাছে আমার একটাই দাবি আমার ইউনিয়নে আর কোনো ভাই আর কোন বোন যেন লাঞ্ছিত না হয়।

ভুক্তভোগী কাজী রাসেল আহম্মেদ মিন্টু, ধুলিয়া আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ে ম্যানেজিং কমিটির সভাপতি পদে আমি নির্বাচনের জন্য ফর্ম কিনতে যায়। সেখানে গিয়ে দেখি সাবেক চেয়ারম্যান মঞ্জুর আলম মনজেরের অর্থের বিনিময়ে কিছু গুন্ডাকে ভাড়া করে রেখেছে। ভাড়াটিয়া গুন্ডা বাহিনিরা আমাকে বিভিন্ন ধরনের হুমকি দেখায় আমি যেন ফর্ম জমা না দিই।

এ ব্যাপারে হরিনাকুন্ডু উপজেলা শিক্ষা অফিসার ফজলুল হক বলেন, আমি একটি লিখিত অভিযোগ পেয়েছি। আমার অফিসের ভিতর কোন ঘটনা ঘটেনি। বাহিরে যদি কিছু ঘটে সেটা আমার বিষয় না। তবে সকল বিষয়টি আমি থানার ওসি ও ইউএনওকে অবগত করেছি।

চুয়াডাঙ্গায় যুবলীগের বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ

চুয়াডাঙ্গা জেলা আওয়ামী যুবলীগের পক্ষ থেকে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। কেন্দ্রীয় কর্মসুচীর অংশ হিসাবে চুয়াডাঙ্গা জেলা যুবলীগের উদ্যোগে বিএনপি, জামায়াত চক্রের দেশ বিরোধী ষড়যন্ত্র ও নৈরাজ্য সৃষ্টির প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা টাউন মাঠ হয়ে বড় বাজার ঘুরে

আবারো টাউন মাঠে শেষ হয় বিক্ষোভ মিছিলটি। বিক্ষোভ মিছিল শেষে দলীয় কার্যালয়ে প্রতিবাদ সমাবেশে চুয়াডাঙ্গা জেলা যুবলীগের সদস্য সাজ্জাদুল ইসলাম লাভলুর সভাপতিত্বে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী যুবলীগের আহবায়ক নঈম হাসান জোয়ার্দ্দার।

বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশে আরও উপস্থিত ছিলেন ,চুয়াডাঙ্গা জেলা যুবলীগের সদস্য হাফিজুর রহমান হাপু বিন্দ,আজাদুল ইসলাম আজাদ,আলমগীর আজম খোকা,আবু বক্কর সিদ্দিক সহ উপস্থিত ছিলেন,চুয়াডাঙ্গা জেলা যুবলীগের নেতা কর্মী,পৌর যুবলীগ,ওয়ার্ড যুবলীগ,বিভিন্ন ইউনিয়ন যুবলীগের নেতা কর্মীরা। সমাবেশ সফল করতে আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সদস্যবৃন্দ।

বাংলাদেশ ও বঙ্গবন্ধু একে ওপরের পরিপূরক

কুষ্টিয়া জেলা পরিষদের চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা হাজী রবিউল ইসলাম বলেছেন, মুক্তিযোদ্ধা মানেই বঙ্গবন্ধু এবং বঙ্গবন্ধু মানেই মুক্তিযোদ্ধা।

তিনি বলেন, বাংলাদেশ ও বঙ্গবন্ধু একে ওপরের পরিপূরক। একটিকে বাদ দিয়ে অন্যটিকে কল্পনা করা যায় না। তিনি ছিলেন স্বাধীনতার প্রতীক ও খাঁটি দেশপ্রেমিক। তিনি বাংলার মাটি ও মানুষের জন্য অকাতরে নিজের জীবন বিলিয়ে দিয়েছিলেন। বাংলার জনগণের ভাগ্যোন্নয়নের জন্য আজীবন সংগ্রাম করেছেন।

শনিবার বিকেলে কুষ্টিয়া পাবলিক লাইব্রেরী মাঠে মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে কুষ্টিয়া জেলা পরিষদ আয়োজিত মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি আরও বলেন, বিশ্বব্যাপী বঙ্গবন্ধুর পরিচিতি হচ্ছে একজন

রাজনীতিবিদ হিসেবে। দেশ বরেণ্য, বিশ্ব বরেণ্য রাজনীতিবিদ। মানব প্রেমী, অনন্য সাধারণ একজন রাজনীতিবিদ যিনি তাঁর জীবদ্দশায় নির্যাতিত-নিপীড়িত, নিষ্পেষিত বাঙালি নামক একটি জনগোষ্ঠীকে চির দিনের জন্য স্বাধীন করে গেছেন। বাংলাদেশের স্বাধীনতার ইতিহাস যতদিন থাকবে ততদিন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অম্লান থাকবেন বলেও জানান তিনি।

তিনি আরও বলেন, ‘আমাদের আগামী প্রজন্মকে মুক্তিযোদ্ধাদের ত্যাগ ও বীরত্বের কাহিনী জানাতে হবে। একইভাবে হানাদার ও তাদের দোসর রাজাকার, আল-বদর, আল শামসের হত্যা, নারী নির্যাতন, নিপীড়ন আর তাদের পৈশাচিকতা সম্পর্কেও জানাতে হবে। যাতে করে তারা উভয়পক্ষের কথা জেনে সামগ্রিক মুক্তিযুদ্ধকে বুঝতে পারে। না হলে তারা মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগ আর বীরত্বের কথা ভুলে যাবে।’

বীর মুক্তিযোদ্ধারা জাতির শ্রেষ্ঠ সন্তান উল্লেখ করে তিনি আরও বলেন, বীর মুক্তিযোদ্ধাদের জীবনযাপন সুন্দর ও সচ্ছল করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুক্তিযোদ্ধাদের ভাতা মাসিক ৩০০ টাকা থেকে ক্রমে ক্রমে বৃদ্ধি করে মাসিক ২০,০০০টাকা নির্ধারণ করেছেন।

ঈদ বোনাস ও উৎসব ভাতাসহ বিভিন্ন সুযোগ সুবিধা প্রদানের ব্যবস্থা করেছেন। এছাড়া বিজয় দিবস, স্বাধীনতা দিবস সহ বিভিন্ন দিবসে মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে পঙ্গু মুক্তিযোদ্ধাদের খোঁজ নেন, কুশলাদি বিনিময় করেন।

কুষ্টিয়া জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মুন্সী মোঃ মনিরুজ্জামানের সভাপতিত্বে আলোচনায় অংশ নেন স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃনাল কান্তি দে, কুষ্টিয়া সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি অ্যাডভোকেট আসম আখতারুজ্জামান মাসুম, জেলা শিক্ষা অফিসার মোঃ জায়েদুর রহমান, কুষ্টিয়া মডেল থানার ওসি (অপারেশন) শফিকুল ইসলাম।

কুষ্টিয়া জেলা পরিষদ আয়োজিত এ অনুষ্ঠানে মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ করে বক্তব্য রাখেন কুষ্টিয়া শহর আওয়ামী লীগের সভাপতি তাইজাল আলী খান, জেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক ডেপুটি কমান্ডার আলহাজ্ব রফিকুল আলম টুকু ও সদর উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের সাবেক কমান্ডার মোশাররফ হোসেন।

স্মৃতিচারন করে মুক্তিযোদ্ধারা বলেন, স্বাধীনতার ৫০ বছরে

প্রাকৃতিক নিয়মেই অগণিত বীর মুক্তিযোদ্ধা পরলোকগমন করেছেন। বয়সের হিসাব করলে আগামী ২০ বছর পর জীবিত বীর মুক্তিযোদ্ধার সংখ্যা নাও থাকতে পারে।

আগামী প্রজন্ম মুক্তিযুদ্ধের সময়কার অসংখ্য মূল্যবান ঘটনাবলী মুক্তিযোদ্ধাদের নিকট থেকে সরাসরি শোনার সুযোগ থেকে বঞ্চিত হবে। তখন হয়তোবা পত্রিকা ম্যাাগজিন পড়ে কিংবা আগামী প্রজন্মকে মুক্তিযুদ্ধ ও মুক্তিযুদ্ধের গৌরবোজ্জ্বল ইতিহাস স্থানীয় বীর মুক্তিযোদ্ধাদের মুখেন কথাগুলো ভিডিও আকারে শুনতে হবে।

সভাপতির বক্তব্যে কুষ্টিয়া জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মুন্সী মোঃ মনিরুজ্জামান বলেন, ব্যক্তি, পরিবারের স্বার্থকে জলাঞ্জলি দিয়ে জাতিকে একটি স্বাধীন রাষ্ট্র উপহার দেওয়ার দৃঢ় সংকল্পে মুক্তিযোদ্ধারা যুদ্ধে নেমেছিলেন। তাদের আত্মত্যাগের বিনিময়ে অর্জিত স্বাধীনতা রক্ষায় সকলকে সম্মিলিতভাবে কাজ করতে হবে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কুষ্টিয়া জেলা পরিষদের সদস্য মোহাম্মদ আলী জোয়ার্দ্দার। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কবি কনক চৌধুরী। অনুষ্ঠান শেষে ২০জন বীর মুক্তিযোদ্েধোক প্রত্যেককে দুই হাজার টাকা ও ফুলেল শুভেচ্ছা তুলে দেন অতিথিবৃন্দ।

পরে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে সঙ্গীত পরিবেশন করেন কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমীর শিল্পীরা।

কোটচাঁদপুরে বিএনপি’র বিক্ষোভ সমাবেশ

ঝিনাইদহের কোটচাঁদপুরে চাল, ডাল, তেল, গ্যাসসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির প্রতিবাদে এবং টিসিবির মাধ্যমে সহনীয় মূল্যে গ্রাম-শহর সহ সর্বত্র জনসাধারণের মধ্যে পণ্য সরবরাহের দাবিতে বিএনপি’র বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকালে কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসাবে কোটচাঁদপুর থানা ও পৌর বিএনপির আয়োজনে মেইন বাজার চত্তরে পৌর বিএনপির কার্যালয়ের সামনে এ বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

উপজেলা বিএনপি’র সভাপতি মোঃ আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সিনিয়র সদস্য মোঃ আবুবকর বিশ্বাস।

সভায় প্রধান বক্তা ছিলেন, পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস.কে.এম সালাহ্উদ্দিন বুলবুল সিডল। উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক লিয়াকত আলীর সঞ্চালনায় সমাবেশে বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান ও এলাঙ্গী ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোঃ ইকরামুল হক, উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক হারুন-অর রশিদ, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক মীর্জ টিপু, পৌর বিএনপি নেতা মোঃ মমিন মনোয়ার, উপজেলা যুবদলের আহ্বায়ক আশরাফুজ্জামান খাঁন মুকুল, যুবদল নেতা রিপন শেখ, ইউনিয়ন বিএনপির সভাপতি আশরাফ আলী, ছাত্র নেতা নাসির উদ্দিন লিয়ন, শাওন খাঁন, ফায়াত আল-জাবির প্রমূখ।

বক্তারা বলেন, চাল, ডাল, তেল, গ্যাসসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধিতে মানুষের জীবন-জীবিকা হুমকির মূখে পড়েছে।

এসময় তারা সরকারের সীমাহীন দূর্ণীতি, ভুলনীতি ও ব্যার্থতার দায়ে অবিলম্বে পদত্যাগ করে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা করার আহ্বান জানান। না হলে, বিএনপি’র নের্তৃত্বে সারা দেশের মানুষ ঐক্যবদ্ধ হয়ে এ সরকারের বিরুদ্ধে রুখে দাঁড়াবে বলে হুশিয়ারী দেন।

এসময় উপজেলা এবং পৌর বিএনপি ও অঙ্গ সংগঠনের বিভিন্ন নেতা- কর্মীরা উপস্থিত ছিলেন। বিক্ষোভ সমাবেশ শেষে নেতা-কর্মীরা স্লোগান দিয়ে মিছিল নিয়ে গেলে পুলিশের বাধার মুখে তা পন্ড হয়ে যায়।